নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি পিএলসি
Northern Electricity Supply Company PLC
(An Enterprise of Bangladesh Power Development Board)
বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ, রাজশাহী।
www.nesco.gov.bd

স্মারকঃ ২৭.২৯.০০০০.০৮১.০৬.০০১.২৪.০০১ তারিখঃ ১০/০৩/২০২৪ খ্রিঃ

**বিষয়ঃ উদ্ভাবনী পরিকল্পনা "অনলাইনের মাধ্যমে নেসকো পিএলসি -এর পোস্টপেইড ও প্রিপেইড গ্রাহকগণের লোড পরিবর্তন ফি গ্রহণ" কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে**

নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি (নেসকো) পিএলসি -এর বার্ষিক কর্মপরিকল্পনার অংশ হিসাবে, ২০২৩-২৪ অর্থ বৎসরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-৩৪ -এর [১.১] এ সেবা সহজীকরণ / ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন -এর কার্যক্রম [১.১.১] সেবা সহজীকরণ / ডিজিটাইজেশনের মাধ্যমে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত সূচকের অনুকূলে “অনলাইনের মাধ্যমে নেসকো পিএলসি -এর পোস্টপেইড ও প্রিপেইড গ্রাহকগণের লোড পরিবর্তন ফি গ্রহণ” সেবাটি নেসকো লিঃ এর সকল বিক্রয় ও বিতরণ বিভাগ / বিদ্যুৎ সরবরাহ ইউনিটে চালু করা হয়েছে।

উক্ত সেবাটির পোর্টাল লিংকঃ https://bill.nesco.gov.bd/MiscFee

সংযুক্তি: সেবার বিবরণী, ধাপসমূহ ও স্ক্রিনশট।

Biswas

রাজীব বিশ্বাস
ব্যবস্থাপক (এমআইএস) (অতিঃ দায়িত্ব)
ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা,
ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি,
নেসকো পিএলসি, রাজশাহী।

স্মারকঃ ২৭.২৯.০০০০.০৮১.০৬.০০১.২৪.০০১ তারিখঃ ১০/০৩/২০২৪ খ্রিঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। ব্যবস্থাপনা পরিচালক, নেসকো পিএলসি, রাজশাহী।
২। নির্বাহী পরিচালক (কারিগরি/অর্থ/প্রশাসন ও মানবসম্পদ উন্নয়ন), নেসকো পিএলসি, রাজশাহী।
৩। সকল প্রধান প্রকৌশলী/মহাব্যাবস্থাপক, নেসকো পিএলসি।
৪। সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক, নেসকো পিএলসি।
৬। সকল নির্বাহী প্রকৌশলী / ব্যবস্থাপক, নেসকো পিএলসি।
৭। সকল আবাসিক প্রকৌশলী, নেসকো পিএলসি।
৮। দপ্তর নথি।

## নেসকো পিএলসি'র সেবা সহজীকরণ

**উদ্ভাবনের শিরোনামঃ** অনলাইনের মাধ্যমে নেসকো পিএলসি'র পোস্টপেইড ও প্রিপেইড গ্রাহকদের লোড পরিবর্তনের ফি গ্রহণ কার্যক্রম

**ধারণার ধরণঃ** সেবা সহজীকরণ

**পটভূমিঃ**

নেসকো পিএলসি'র সম্মানিত গ্রাহকগণ বর্তমানে লোড পরিবর্তনের জন্য সংশ্লিষ্ট দপ্তরে গিয়ে আবেদন করলে দপ্তর হতে লোড পরিবর্তনের আবেদন ফি (জামানত ফি)-এর স্লিপ গ্রাহককে প্রদান করা হয়। অতঃপর গ্রাহক উক্ত স্লিপে উল্লিখিত ফি'র সমপরিমাণ টাকা ব্যাংকে জমা দিয়ে পেমেন্ট কপি সংশ্লিষ্ট দপ্তরে দাখিল করলে দপ্তর জনবল দিয়ে লোড পরিবর্তন সম্পন্ন করে। এক্ষেত্রে গ্রাহককে লোড পরিবর্তনের আবেদন ও স্লিপ (জামানত ফি) সংগ্রহ এবং পেমেন্ট কপি দাখিল করতে সংশ্লিষ্ট দপ্তরে কমপক্ষে দুই (০২) বার এবং ব্যাংকে এক (০১) বার যাতায়াত করতে হয় যা গ্রাহকের জন্য অত্যন্ত সময়সাপেক্ষ এবং ব্যয়বহুল ব্যাপার। এছাড়াও এক্ষেত্রে মধ্যস্বত্বভোগী দ্বারা গ্রাহক হয়রানির স্বীকার হতে পারে/সুযোগ রয়েছে। অনলাইনের মাধ্যমে নেসকো পিএলসি'র পোস্টপেইড ও প্রিপেইড গ্রাহকগণের লোড পরিবর্তনের ডিপোজিট স্লিপ প্রস্তুতকরণ এবং ফি জমা নেয়া গেলে গ্রাহকের সময় ও অর্থ উভয়েরই অপচয় কম হবে এবং গ্রাহক হয়রানি হ্রাস পাবে। সেই লক্ষ্যে নেসকো পিএলসি উপরে বর্ণিত লোড পরিবর্তনের সেবাটি অনলাইনে নেওয়া শুরু করেছে।

**বিদ্যমান সমস্যা/চ্যালেঞ্জসমূহঃ**

গ্রাহককে অফিসে গিয়ে লোড পরিবর্তনের আবেদন এবং আবেদন ফি (জামানত ফি)-এর স্লিপ সংগ্রহ।
ব্যাংকে গিয়ে আবেদন ফি প্রদান।
পেমেন্ট কপি সংশ্লিষ্ট অফিসে দাখিল।

**চ্যালেঞ্জ উত্তরণের জন্য গৃহীত পদক্ষেপঃ**

অনলাইনে লোড পরিবর্তনের আবেদন ফি (জামানত ফি)-এর ডিপোজিট স্লিপ প্রস্তুতকরণ।
অনলাইনে লোড পরিবর্তনের আবেদন ফি প্রদান।
অনলাইনে লোড পরিবর্তনের আবেদন ফি প্রদানের পেমেন্ট কপি প্রাপ্তি নিশ্চিতকরণ।

### TCV সেবার মানের পরিবর্তনঃ

| | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ৬-৮ ঘন্টা | ১-২ ঘন্টা |
| খরচ (নাগরিক ও অফিসের) | নির্ধারিত ফি'র অতিরিক্ত ১০০-২০০ টাকা | অতিরিক্ত টাকার প্রয়োজন নেই |
| যাতায়াত | কমপক্ষে ৩ বার (২ বার দপ্তর, ১ বার ব্যাংকে) | সংশ্লিষ্ট দপ্তরে ১ বার, ব্যাংকে যাওয়ার প্রয়োজন নেই |
| ধাপ | ৪ ধাপ | ৩ ধাপ |
| জনবল | বেশি | কম |
| প্রয়োজনীয় কাগজপত্র | ব্যাংক পেমেন্ট কপি | প্রয়োজন নেই |

**উদ্ভাবকগণের পরিচিতিঃ**

জনাব মোহাম্মদ মহিউদ্দিন মাহমুদ, উপ-মহাব্যবস্থাপক (আইসিটি ও বিলিং), নেসকো পিএলসি, রাজশাহী।

**ফি পরিশোধের নির্দেশনাঃ**

**নগদ এ্যাপের মাধ্যমে ফি পরিশোধের ধাপসমূহঃ**

১। আপনার মোবাইল ফোনে নগদ এ্যাপ-এ প্রবেশ করুন।

২। "Bill Pay" আইকন-এ ট্যাপ করুন।



৩। "Biller"-এর জায়গায় 1257 টাইপ করুন এবং "NESCO Miscellaneous Fee" সিলেক্ট করুন।

৪। এই ডিপোজিট স্লিপে প্রদর্শিত Consumer no. Fee Code, KVA এবং Days -সংখ্যাসমূহ টাইপ করে Next-এ ট্যাপ করুন।

৫। নগদ এ্যাপ-এ প্রদেয় টাকার পরিমাণ প্রদর্শন করবে; প্রদেয় টাকার পরিমাণ ঠিক থাকলে Next-এ ট্যাপ করে পেমেন্ট সম্পন্ন করুন।

৬। পেমেন্ট সফল হলে পেমেন্টের তারিখ ও Transaction Id সংরক্ষণ করুন।


**উদ্ভাবনের গ্রাফ/চিত্রঃ**

| বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ | প্রস্তাবিত পদ্ধতির প্রসেস ম্যাপ |
|---|---|
|  |  |






**অনলাইনে লোড পরিবর্তনের ডিপোজিট স্লিপ প্রস্তুতকরণঃ**





**নগদ এপের মাধ্যমে ফি পরিশোধ যাচাইঃ**





10.03.2024
রতন কুমার রায়
...ব্যবস্থাপক (আইসিটি)
...ব্যবস্থাপক (আইসিটি ও বিলিং)-এর দপ্তর
নেসকো পিএলসি, রাজশাহী।